

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



সংবাদ বিজ্ঞপ্তি

নবজাতক ও মাতৃ স্বাস্থ্যসেবার জন্য সিলেটে রাষ্ট্রদূত মরিয়ান্টির নতুন সহায়তা ঘোষণা

সিলেট, ৪ঠা আগস্ট -- বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জেমস এফ মরিয়ান্টি আজ 'মামণি' নামে নতুন একটি স্বাস্থ্য উন্নয়ন উদ্যোগের ঘোষণা দিয়েছেন। যুক্তরাষ্ট্র সরকারের সহায়তায় ১ কোটি ৩৫ লাখ ডলারের এই প্রকল্প সিলেটে মাতৃ ও শিশু স্বাস্থ্যসেবার প্রসার ঘটাবে। এ প্রকল্পটির লক্ষ্য হলো মাঠকর্মীদের মাধ্যমে উন্নততর উপায়ে সিলেটে মা ও শিশুর উচ্চ মৃত্যুহারের সমস্যা, নিরাপদ গর্ভধারণ ও সন্তান প্রসবের জন্য শিক্ষার প্রসার এবং উন্নত পরিবার পরিকল্পনা ও গর্ভধারণে বিরতির প্রভৃতি বিষয়ে গুরুত্ব আরোপ করা। রাষ্ট্রদূত মরিয়ান্টির যখন সিলেটে এক অনুষ্ঠানে এই ঘোষণা দেন তখন বাংলাদেশ সরকারের স্বাস্থ্যমন্ত্রী ড. এ.এফ.এম রুহুল হক সেখানে উপস্থিত ছিলেন। যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা 'ইউএসএআইডি'-র মাধ্যমে এই প্রকল্পটি বাস্তবায়িত হবে।

বাংলাদেশের সাম্প্রতিক এক জনসংখ্যাতত্ত্ব ও স্বাস্থ্য জরিপে দেখা গেছে কেবলমাত্র ৫১ শতাংশ মহিলা তাদের গর্ভাবস্থায় শুধু একবার একজন প্রশিক্ষণপ্রাপ্ত সেবিকার সঙ্গে দেখা করেন এ সংক্রান্ত পরামর্শের জন্য এবং প্রায় অর্ধেক সংখ্যক নবজাতক শিশু জন্মের ৩০ দিনের মধ্যে মারা যায়। 'মামণি' প্রকল্পটি প্রসূতি সংশ্লিষ্ট সেবা প্রদানের হার বৃদ্ধি করবে, নিরাপদভাবে সন্তান প্রসবে সহায়তা করবে এবং অন্তঃসত্ত্বা মহিলাদের যত্ন নেয়ার প্রতি জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি করবে (পুরুষদের সক্রিয় অংশগ্রহণসহ)। মা হতে যাচ্ছেন এমন মহিলাদের প্রসব বেদনাকালে এই প্রকল্পটি তাদের জন্য জরুরী পরিবহনের ব্যবস্থা করবে। নবজাতকদের জীবন রক্ষার্থে প্রমাণিত ও স্বল্পব্যয়ী পদ্ধতির প্রয়োগ এবং নারী ও শিশুদের জীবন রক্ষার জন্য পরিবার পরিকল্পনা পদ্ধতিসমূহের সঠিক প্রয়োগের জন্য শিক্ষাদানসহ 'মামণি' সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে কাজ করবে। মোট কথা, 'মামণি' ১৫টি উপজেলাতে কাজ করবে এবং ৩৫ লক্ষ মানুষের কাছে পৌঁছাবে।

‘ইউএসআইডি’-র মাধ্যমে যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নে বিশেষ করে দরিদ্রদের জীবনে একটি বড় ভূমিকা রাখছে। ‘ইউএসআইডি’ বাংলাদেশে মূলত পাঁচটি ক্ষেত্রে কাজ করে থাকে: স্বাস্থ্য পরিস্থিতির উন্নয়ন ও প্রাক-প্রাথমিক শিক্ষা, গ্রাম্য মানুষের জন্য আয়ের সুযোগ সৃষ্টি করা, প্রত্যেক স্তরে সুশাসনে সহায়তা, খাদ্য নিরাপত্তা বৃদ্ধি এবং দুর্যোগ প্রস্তুতি মোকাবেলা অধিকতর শক্তিশালী করা ও প্রাকৃতিক দুর্যোগ পরবর্তী সময়ে জরুরী ত্রাণ সরবরাহ করা। যুক্তরাষ্ট্র সরকার ১৯৭১ সাল থেকে বাংলাদেশকে এ পর্যন্ত ৫শ’ কোটি ডলারের অধিক সহায়তা প্রদান করেছে। সাইক্লোন সিডর আক্রান্ত এলাকায় বসবাসকারী মানুষের জন্য কিছু সুনির্দিষ্ট সহায়তাসহ ২০০৯ সালে ‘ইউএসআইডি’-র পরিকল্পিত সহায়তার পরিমাণ মোট প্রায় ১৭ কোটি ২০ লাখ ডলার।

=====

জিআর/২০০৯

দ্রষ্টব্য: এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov যোগাযোগ করুন।